কিয়ামতের দিন পর্যন্ত ঘোড়ার কপালে কল্যাণ বাঁধা।

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “কিয়ামতের দিন পর্যন্ত ঘোড়ার কপালে কল্যাণ বাঁধা থাকবে।
উরওয়াহ বারেকী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “ঘোড়ার ললাটে কিয়ামত অবধি কল্যাণ বেঁধে দেওয়া হয়েছে। অর্থাৎ সাওয়াব ও গনীমত।”
[সহীহ] [উভয় বর্ণনা মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিম)।]

কিয়ামতের দিন পর্যন্ত ঘোড়ার সাথে কল্যাণ সংশ্লিষ্ট থাকবে। (যুদ্ধের জন্য) ঘোড়া বাঁধার উপর যে সাওয়াব লাভ হয়, তা হলো (পরকালে অর্জিত হবে এমন) বাকী কল্যাণ। আর মুজাহিদ (ঘোড়ার দ্বারা) শত্রুদের সম্পদ থেকে যে গণীমত লাভ করে তা হলো নগদ কল্যাণ।

http://sunnah.global/hadeeth/bn/show/3583